# সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)

www.sss-bangladesh.org

# নিয়োগ বিজ্ঞপ্তি

এমআরএ সনদ নং-০২৫

## আপনি কি সৎ জীবন-যাপন করতে আগ্রহী ?

**সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)** বাংলাদেশের জাতীয় পর্যায়ের একটি বেসরকারি উন্নয়ন প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দেশের ঢাকা, চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, খুলনা ও রংপুর বিভাগের মোট ৫৬ টি জেলায় ১২ লক্ষাধিক পরিবারের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি/প্রকল্প (ক্ষুদ্র অর্থায়ন, উদ্যোক্তা উন্নয়ন, প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি, শিক্ষা ও শিশু উন্নয়ন, কৃষি, মৎস্য ও প্রাণী সম্পদ সম্প্রসারণ, পলিটেকনিক ইনস্টিটিউট, ভোকেশনাল ট্রেইনিং, দূর্যোগ ও জলবায়ু পরিবর্তন ইত্যাদি) বাস্তবায়ন করছে। প্রতিষ্ঠানের ক্ষুদ্র অর্থায়ন, শিক্ষা ও কৃষি সম্প্রসারণ কর্মসূচিতে পেশা গঠনে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত পদে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স (বছর) | বেতন, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী পরিচালক, অর্থ ও হিসাব (ভ্যাট ও ট্যাক্স, আর্থিক প্রতিবেদন বিশ্লেষণ ও ঝুঁকি ব্যবস্থাপনা) | ০১ | সর্বোচ্চ ৫০ | বেতন: শিক্ষানবিসকালে ন্যূনতম ১,০৮,৫৬০/- টাকা। নিয়মিতকরণের পর বেতন হবে ১,৩৫,৭০০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা: ফাইন্যান্স/এ্যাকাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম/ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিষয়ে স্নাতকোত্তর পাশ ও প্রথম সারির নিরীক্ষা প্রতিষ্ঠান হতে সিএ (কোর্স কমপ্লিট/পার্টলি)/কস্ট ম্যানেজমেন্ট (ন্যূনতম নলেজ ও বিজনেস লেভেল)। অভিজ্ঞতা: অর্থ ও হিসাব বিভাগে ন্যূনতম ১৫ বছরের অভিজ্ঞতা এবং উচ্চ ব্যবস্থাপকীয় পদে ১০ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। ট্যাক্স ও ভ্যাট এর উৎস কর, প্রাতিষ্ঠানিক রিটার্ন প্রদান, ট্যাক্স ও ভ্যাট উপযোগী আর্থিক প্রতিবেদন ও ডকুমেন্ট তৈরী, ট্যাক্স শিল্ড ক্যালকুলেশন সুবিধা ও বাস্তবায়ন, আন্তর্জাতিক হিসাবমান অনুসারে আর্থিক প্রতিবেদন প্রস্তুত ও বিশ্লেষণ, ঝুঁকি ব্যবস্থাপনা, প্রাতিষ্ঠানিক আইন-কানুন, বিধি-বিধান বাস্তবায়ন ও পরিপালন, প্রযুক্তি ব্যবহার ও মনোন্নয়নের পাশাপাশি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে সুদৃঢ় দক্ষতা থাকতে হবে। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং বেতনের বিষয়টি আলোচনাসাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। |
| ০২ | প্রশাসক (হাসপাতাল) | ০১ | সর্বোচ্চ ৫২ | বেতন ও পদবি: আলোচনাসাপেক্ষে। শিক্ষাগত যোগ্যতা : এমবিবিএস, সাথে এমপিএইচ/পোস্ট গ্র্যাজুয়েশন সম্পন্ন হলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। সরকারি বা বেসরকারি (ন্যূনতম ২০ শয্যা বিশিষ্ঠ) হাসপাতাল ব্যবস্থাপনায় ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা ও কম্পিউটারে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ০৩ | হেড অফ কোর সফটওয়্যার অপারেশন | ০১ | সর্বোচ্চ ৪৫ | বেতন: আলোচনাসাপেক্ষে। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজিতে স্নাতক/স্নাতকোত্তর। অভিজ্ঞতা: আইটি ক্ষেত্রে ন্যূনতম ১০ বছর এবং নেতৃত্বমূলক কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকা আবশ্যক। আর্থিক/মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। MFI এর কোর সফটওয়্যার দেশব্যাপী বাস্তবায়ন পরিকল্পনা ও জাতীয় পর্যায়ে Support Operation পরিচালনার দক্ষতা থাকতে হবে। |
| ০৪ | হেড অফ আইটি ইনোভেশন এন্ড টেকনোলজি | ০১ | সর্বোচ্চ ৪৫ | বেতন: আলোচনাসাপেক্ষে। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজি/সমমান সম্পন্ন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি। অভিজ্ঞতা: আইটি ক্ষেত্রে ন্যূনতম ১০ বছর এবং নেতৃত্বমূলক কাজে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকা আবশ্যক। আর্থিক/মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে সমন্বয় রেখে নতুন উদ্ভাবনী প্রযুক্তি সংযোজন ও ভবিষ্যতের রোডম্যাপ তৈরী করার দক্ষতা থাকতে হবে। ডিজিটাল আর্থিক সেবা/Fintech/MFI Automation- এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। অন্যান্য যোগ্যতা: Cloud Platforms, APIs, Cybersecurity, DevOps, Database Management সম্পর্কে জ্ঞান থাকতে হবে। |
| ০৫ | ডাটা এ্যানালিস্ট (এমএফআই এ্যানালিটিক্স) | ০১ | সর্বোচ্চ ৪৫ | বেতন: আলোচনাসাপেক্ষে। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান/অর্থনীতি/গণিত/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ডাটা সায়েন্স/সমমান সম্পন্ন বিষয়ে স্নাতক ডিগ্রি। অভিজ্ঞতা: ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। SQL, Power BI/Tableau & Advanced Excel বিষয়ে দক্ষতা। Banking & MFI Business Process, MIS প্রতিবেদন ও আর্থিক KPIs সম্পর্কে বিস্তর দক্ষতা থাকতে হবে। |
| ০৬ | স্বাস্থ্য সমন্বয়কারী (পিএইচসিপি-প্রকল্প) | ০১ | সর্বোচ্চ ৫০ | বেতন: আলোচনাসাপেক্ষে। শিক্ষাগত যোগ্যতা: এমবিবিএস, সাথে এমপিএইচ/পোস্ট গ্র্যাজুয়েশন সম্পন্ন হলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। স্বাস্থ্য প্রকল্পের সমন্বয়কারী/প্রধান হিসেবে ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা ও কম্পিউটারে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭ | নির্মাণ প্রকৌশলী (সেকশন প্রধান) | ০১ | সর্বোচ্চ ৫০ | বেতন: আলোচনাসাপেক্ষে। শিক্ষাগত যোগ্যতা: সিভিল/স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক/স্নাতকোত্তর পাশ। পাবলিক বিশ্ববিদ্যালয় এর প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। নির্মাণ, কাঠামোগত নকশা প্রস্তুত এবং নির্মাণ বিভাগ পরিচালনা সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৮ | জোনাল ম্যানেজার | ০৫ | সর্বোচ্চ ৫০ | বেতন: শিক্ষানবিসকালে ৭৫,০০০/-টাকা। নিয়মিতকরণের পর বেতন হবে ৭৯,০০০/- টাকা। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনাসাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। শিক্ষাগত যোগ্যতা: যেকোন বিষয়ে স্নাতকোত্তর পাশ। স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রম সংশ্লিষ্ট পদে ন্যূনতম ২৫ টি শাখা ও ১০০ কোটি টাকা ঋণ স্থিতি পরিচালনায় ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর সহযোগী প্রতিষ্ঠানে (সংশ্লিষ্ট পদে ৫ বছর এবং ক্ষুদ্রঋণে ১০ বছর) কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৯ | এরিয়া ম্যানেজার | ২৫ | সর্বোচ্চ ৪৫ | বেতন: শিক্ষানবিসকালে ৫২,০০০/- টাকা এবং নিয়মিতকরণের পর ৫৮,৭৬০/- টাকা। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনাসাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। শিক্ষাগত যোগ্যতা: যে কোন বিষয়ে স্নাতকোত্তর পাশ। স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রম সংশ্লিষ্ট পদে ন্যূনতম ৫টি শাখা ও ৩০ কোটি টাকা ঋণ স্থিতি পরিচালনায় ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর সহযোগী প্রতিষ্ঠানে (সংশ্লিষ্ট পদে ৫ বছর এবং ক্ষুদ্রঋণে ১০ বছর) কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী হওয়া আবশ্যক। |
| ১০ | অডিট কর্মকর্তা | ২০ | সর্বোচ্চ ৩৫ | বেতন: শিক্ষানবিসকালে ৪৩,০০৮/- টাকা এবং নিয়মিতকরণের পর ৫৩,৭৬০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা: ফাইন্যান্স/এ্যাকাউন্টিং/ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিষয়ে স্নাতকোত্তর পাশ এবং প্রথম সারির নিরীক্ষা প্রতিষ্ঠান হতে সিএ (কোর্স কমপ্লিট/পার্টলি)। পাবলিক বিশ্ববিদ্যালয় এবং অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবে। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনাসাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। |
| ১১ | জোনাল হিসাব কর্মকর্তা | ০৫ | সর্বোচ্চ ৩৫ | বেতন: শিক্ষানবিসকালে ৪৪,৬০৮/- টাকা এবং নিয়মিতকরণের পর ৫৫,৭৬০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা: ফাইন্যান্স/এ্যাকাউন্টিং/ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিষয়ে স্নাতকোত্তর পাশ এবং প্রথম সারির নিরীক্ষা প্রতিষ্ঠান হতে সিএ (কোর্স কমপ্লিট/পার্টলি)। পাবলিক বিশ্ববিদ্যালয় ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য ও বেতনের বিষয়টি আলোচনাসাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। |
| ১২ | সিনিয়র অফিসার (ক্রেডিট)/শাখা ব্যবস্থাপক | ৫০ | সর্বোচ্চ ৪০ | বেতন: শিক্ষানবিসকালে ৪৫,০০০/- টাকা এবং নিয়মিতকরণের পর ৪৯,৩০০/- টাকা। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনাসাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। শিক্ষাগত যোগ্যতা: যেকোন বিষয়ে স্নাতকোত্তর পাশ। স্বনামধন্য কোন প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রম সংশ্লিষ্ট পদে ন্যূনতম ৫ কোটি টাকা ঋণ স্থিতি পরিচালনায় ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর সহযোগী প্রতিষ্ঠানে (সংশ্লিষ্ট পদে ৫ বছর এবং ক্ষুদ্রঋণে ৮ বছর) কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী হওয়া আবশ্যক। |
| ১৩ | অটোমোবাইল প্রকৌশলী | ০১ | সর্বোচ্চ ৪০ | বেতন: আলোচনাসাপেক্ষে। শিক্ষাগত যোগ্যতা: অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ। অভিজ্ঞতা: ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকা আবশ্যক। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতনের বিষয়টি আলোচনাসাপেক্ষে নির্ধারণের সুযোগ থাকবে। |
| ১৪ | অফিসার (ক্রেডিট)/সহকারী শাখা ব্যবস্থাপক | ২০০ | সর্বোচ্চ ৩২ | বেতন: প্রশিক্ষণকালে (৪ মাস) বেতন ১৬,০০০/- টাকা, শিক্ষানবিসকালে ৩৩,৫৬৮/-টাকা এবং নিয়মিতকরণের পর ৪১,৯৬০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা: যেকোন বিষয়ে স্নাতকোত্তর পাশ। এই পদে মোটরসাইকেল চালানো বাধ্যতামূলক। বৈধ ড্রাইভিং লাইসেন্স/লার্নার লাইসেন্স থাকতে হবে। **বি:দ্র: এসএসএস-এ কর্মরত কর্মীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য বিবেচিত হবে।** |
| ১৫ | এ্যাসিস্ট্যান্ট অফিসার (ক্রেডিট)/সিনিয়র মাঠ সংগঠক | ১০০০ | সর্বোচ্চ ৩২ | বেতন: প্রশিক্ষণকালে (২ মাস) বেতন ১২,০০০/- টাকা, শিক্ষানবিসকালে ২৯,২৪৮/-টাকা এবং নিয়মিতকরণের পর ৩৬,৫৬০/- টাকা। শিক্ষাগত যোগ্যতা: যেকোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর পাশ। প্রার্থীদের বাইসাইকেল চালনায়, শর্তসাপেক্ষে মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। সেক্ষেত্রে, বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় জামানত হিসেবে ১৫,০০০/- টাকা জমা রাখতে হবে যা সার্ভিস চার্জসহ ফেরতযোগ্য। আবেদনপত্রে ও খামে পরীক্ষা কেন্দ্র **(ঢাকা/টাঙ্গাইল/চট্টগ্রাম/কুমিল্লা/নোয়াখালী/ফরিদপুর/যশোর/ব্রাহ্মণবাড়ীয়া/সিলেট)** উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। |

অন্যান্য সুযোগ সুবিধা ও শর্তাবলী ঃ

• **সকল পদে শিক্ষানবিসকাল ৬ মাস। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ সংস্থার চাকুরিবিধি অনুযায়ী ১০% কন্ট্রিবিউটরি প্রভিডেন্ড ফান্ড, বিনিয়োগের জন্য পেনশন, প্রতি ৫ বছরের জন্য ১টি হিসেবে সর্বোচ্চ ৫টি গ্রাচ্যুয়িটি, প্রতিবছর ৩০ দিন সংস্থার নিকট বিক্রয়যোগ্য অর্জিত ছুটি, মূল বেতনের সমপরিমাণ ২টি উৎসব বোনাস, মূল বেতনের সমপরিমাণ ২টি উৎসাহ বোনাস (মাইক্রোফাইন্যান্স কর্মীদের), বার্ষিক ইনক্রিমেন্ট, প্রযোজ্য ক্ষেত্রে টি.এ/ডি.এ, লাঞ্চ ভাতা, সুদমুক্ত মোটরসাইকেল ও ট্যাব ঋণ, জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ব্যয়, কর্মী ঋণ, মোবাইল বিল, প্রদেয় বেতন-ভাতার বিপরীতে প্রতিষ্ঠান কর্তৃক প্রযোজ্য আয়কর প্রদান, দুর্ঘটনাজনিত আর্থিক সুবিধা, মৃত্যুজনিত আর্থিক সুবিধা, সোনালী করমর্দন সুবিধা, ১৭ ধরণের ছুটির সুবিধা, ভালো পারফরমেন্সের ভিত্তিতে বিভিন্ন পদের কর্মীদের বিদেশগমণ সুবিধাসহ আনুষঙ্গিক সুবিধাদি প্রাপ্য হবেন। ৮নং পদে নির্বাচিতদের সার্বক্ষণিক গাড়ী ও ড্রাইভার সুবিধা প্রদান করা হবে। নিয়োগকৃত (৮নং, ৯নং, ১১নং, ১২নং, ১৪নং ও ১৫নং) পুরুষ প্রার্থীগণ সংস্থার অফিস ক্যাম্পাসে বিনামূল্যে একক আবাসন সুবিধা এবং ১২নং, ১৪নং ও ১৫নং পদের মহিলা প্রার্থীগণ বাহিরে থাকার জন্য অতিরিক্ত বাড়ী ভাড়া ভাতা পাবেন। ১নং, ৬নং, ৭নং ও ১৩নং পদের নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের কর্মস্থল হবে ফাউন্ডেশন কার্যালয়, টাঙ্গাইল; ৩নং, ৪নং ও ৫নং পদের নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের কর্মস্থল হবে প্রধান/ফাউন্ডেশন কার্যালয়; ২নং পদের নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের কর্মস্থল হবে এসএসএস হাসপাতাল, টাঙ্গাইল; ১০ নং পদের প্রার্থীদের কর্মস্থল হবে ফাউন্ডেশন কার্যালয়/বিভাগীয় কার্যালয় এবং ১১ নং পদের প্রার্থীদের কর্মস্থল হবে বিভাগীয় কার্যালয়/জোন কার্যালয়।** উপ নির্বাহী পরিচালক, এসএসএস বরাবর আবেদনপত্র (স্বাক্ষরসহ), প্রার্থীর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (স্বাক্ষরসহ), শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সম্প্রতি তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট) এবং ২০০/- টাকা (অফেরতযোগ্য) "সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)"-এর অনুকূলে সোনালী ব্যাংক পিএলসি, ময়মনসিংহ রোড শাখা, টাঙ্গাইল, সঞ্চয়ী হিসাব নম্বর "6015234002045" তে অনলাইন জমা/আরটিজিএস/পে-অর্ডার করে জমার স্লিপ আবেদনপত্রের সাথে যুক্ত করে আবেদন করতে হবে। উপরিউক্ত নিয়ম ব্যতীত অন্য কোনভাবে টাকা জমা করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সকল পদে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। **তবে ১৫নং পদের জন্য ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, সিলেট ও খুলনা বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।** ০১নং হতে ১৪নং পদের প্রার্থীদের পরীক্ষার কেন্দ্র- টাঙ্গাইল এবং ১৫নং পদের প্রার্থীদের পরীক্ষার কেন্দ্র-ঢাকা, টাঙ্গাইল, চট্টগ্রাম, কুমিল্লা, নোয়াখালী, ফরিদপুর, যশোর, ব্রাহ্মণবাড়ীয়া ও সিলেট। আবেদনপত্রে এবং খামের উপরে পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে। বয়স গণনা আগামী ২৬/০১/২০২৬ তারিখ অনুযায়ী করতে হবে। আবেদনপত্র সরাসরি অথবা ডাকযোগে জমা দেওয়া যাবে। **আবেদনপত্র প্রেরণের ঠিকানা ঃ উপ নির্বাহী পরিচালক, সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস), এসএসএস ভবন, ফাউন্ডেশন অফিস, ময়মনসিংহ রোড, টাঙ্গাইল।** আবেদনপত্র গ্রহণের সময়সীমা ঃ আগামী **২৬/০১/২০২৬** তারিখ। নির্বাচনী পরীক্ষা (লিখিত, মৌখিক ও কম্পিউটার ব্যবহারিক) জন্য প্রার্থীদেরকে এসএমএস/মোবাইল এর মাধ্যমে ডাকা হবে। সুতরাং, আবেদনপত্রে অবশ্যই সক্রিয় মোবাইল ফোন নম্বর দিতে হবে। সকল পদে সুঠাম দেহী, চরিত্রবান, কঠোর পরিশ্রমী, সাহসী, চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী ও জেলা শহর, উপ-শহর ও প্রত্যন্ত অঞ্চলসহ এসএসএস-এর যে কোন কর্ম-এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞপ্তির শর্তাবলী অনুসারে অভিজ্ঞতার তথ্য/সনদ আবেদন পত্রে উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। প্রার্থীদের যোগদানের সময় মূল সার্টিফিকেট জমা রাখতে হবে। এজন্য একটি প্রাপ্তিস্বীকারপত্র প্রদান করা হবে। তবে সাময়িক সময়ের জন্য সার্টিফিকেট উত্তোলন করা যাবে। পরীক্ষার দিন পরীক্ষার্থীদের প্যাকেট লাঞ্চ প্রদান করা হবে। **অসম্পূর্ণ আবেদনপত্র ও নকল সার্টিফিকেট বহনকারী প্রার্থী, কোন প্রকার সুপারিশ এবং অর্থের লেনদেন (চাকুরি পাওয়া/পোস্টিং এর ক্ষেত্রে) প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

**উপ নির্বাহী পরিচালক**
**এসএসএস।**

www.sss-bangladesh.org

Size: 15"x3col=45